# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার ,সদর ,ময়মনসিংহ।

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০ ,০২৯৯৬৬৩৩৩৩ ,E-mail :chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নংঃ ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১১৭ তারিখঃ ১৬/১০/২০২৫ খ্রি.

## এইচএসসি পরীক্ষা ২০২৫- এর ফলাফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলি

### আবেদন করার তারিখ: ১৭/১০/২০২৫ থেকে ২৩/১০/২০২৫ তারিখ পর্যন্ত

- https://rescrutiny.educationboardresults.gov.bd- এ গিয়ে নির্ধারিত স্থানে রোল, রেজিস্ট্রেশন নম্বর পূরণ করতে হবে এবং বোর্ড ড্রপ ডাউন থেকে বোর্ড নির্বাচন করতে হবে। অতঃপর সাবমিট বাটনে ক্লিক করতে হবে।
- এরপর মোবাইল নম্বর দিতে হবে। পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশিত হলে এই নম্বরে এসএমএস পাঠানো হবে।
- পরবর্তী স্ক্রিনে শিক্ষার্থীর বিষয় ভিত্তিক ফলাফল দেখা যাবে। এক বা একাদিক বিষয়ে ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য বিষয়সমূহ নির্বাচন করে 'ফি প্রদান করুন' বাটনে ক্লিক করতে হবে।
- প্রতিটি পত্রের জন্য ১৫০/-(একশত পঁঞ্চাশ মাত্র) টাকা হারে ফি প্রযোজ্য হবে। দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয়পত্রের আবেদন করতে হবে।
- পরবর্তী স্ক্রিনে প্রদেয় ফি- এর পরিমাণ দেখা যাবে। বিকাশ, নগদ, সোনালী সেবা, DBBL রকেট এবং টেলিটক মোবাইল সিমের মাধ্যমে ফি পরিশোধ করা যাবে। ফি পরিশোধের বিস্তারিত ধাপসমূহ উপরেউল্লেখিত পোর্টালের "হেল্প" বাটনে ক্লিক করে দেখে নেওয়া যাবে।
- ফি পরিশোধ করে আবেদনের পোর্টালে এসে "জমা দিন" বাটনে ক্লিক করতে হবে।
- উল্লেখ্য যে, ফি প্রদান করে একবার আবেদন জমা দেওয়ার পরে আরও বিষয় যুক্ত করতে চাইলে একইভাবে তা করা যাবে। তবে এক্ষেত্রে নতুনভাবে মোবাইল নম্বর দেওয়ার প্রয়োজন হবে না।
- এছাড়া ফি পরিশোধের আগেই যদি আবেদন পরিবর্তন বা পরিমার্জনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে "মুছে ফেলুন" বাটনে ক্লিক করে নির্বাচিত বিষয়গুলো (যেগুলোর জন্য এখনও ফি প্রদান করা হয়নি) প্রত্যাহার করা যাবে এবং নতুন করে বিষয় নির্বাচন করা যাবে। তবে একবার ফি জমা দলে আবেদনকৃত বিষয়গুলো আর বাতিল করা যাবে না এবং কোন অবস্থাতেই ফি ফেরত দেওয়া যাবে না।
- ম্যানুয়াল কোন আবেদন গ্রহণ করা হবে না।

১৬/১০/২০২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।